



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক ক্র:বি./তথ্য ও জন./প্র:বি/২০০৯/৫৯৮

তারিখ: ১১/০৭/২০২৫ খ্রি

প্রেস রিলিজ

কুবিতে জুলাই অভ্যুত্থানের '১১ জুলাই প্রথম প্রতিরোধ দিবস' শীর্ষক অনুষ্ঠান

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) 'জুলাই গণঅভ্যুত্থানে ছাত্র-জনতার প্রথম প্রতিরোধ দিবস-১১ জুলাই' শীর্ষক অনুষ্ঠান স্মৃতির মিনার' অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১১ জুলাই) কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান এবং প্রক্টর অধ্যাপক ড. আব্দুল হাকিম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী।

অনুষ্ঠানে জুলাই গণঅভ্যুত্থানের শহীদ ও আহতদের শ্রদ্ধা জানিয়ে মাননীয় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, '১১ জুলাই ঢাকা সহ সারাদেশে ব্লকেড কর্মসূচি থাকলেও পুলিশ ও ছাত্রলীগের হামলার ভয়ে ঢাকায় তা পুরোপুরি বাস্তবায়ন সম্ভব হয়নি। এদিন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সাহসিকতার পরিচয় দিয়ে রাত ১১টা পর্যন্ত ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে আন্দোলনে নেতৃত্ব দেন। বাধা দিলে বাধবে লড়াই-এই স্লোগান বাস্তব করে তুলেছে কুবির ছাত্ররা। শহীদদের অবদান স্মরণ করে তিনি তাদেরকে আন্দোলনের পথপ্রদর্শক হিসেবে অভিহিত করেন। তিনি আরও বলেন, আজকের (১১ জুলাই) এই দিনকে আমি প্রথম প্রতিরোধ দিবস ঘোষণা করছি এবং এই দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য যে স্মৃতি স্তম্ভ স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে, সেটাকে আমি সাধুবাদ জানাই, একই সাথে যে জায়গায় আপনারা অর্থাৎ ঢাকা - চট্টগ্রাম মহাসড়কে প্রতিরোধ গড়ে তুলেছিলেন সেখানে প্রতিরোধ মিনার স্থাপন করা হবে। জুলাই আন্দোলনে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অবদানের জন্য স্থানীয় সরকার বিভাগের পক্ষ থেকে তিনটি বাস প্রদানের ঘোষণা করেন তিনি।'

সৈরাচারবিরোধী আন্দোলনে শহীদদের আত্মার মাগফিরাত কামনা ও আহতদের সুস্থতা কামনার মধ্য দিয়ে বক্তব্য শুরু করেন অনুষ্ঠানের সভাপতি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী। তিনি মাননীয় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার দেওয়া সব ঘোষণা আন্তরিকভাবে স্বাগত জানান এবং তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। মাননীয় উপাচার্য জানান, জুলাই আন্দোলনে আহত শিক্ষার্থীদের আর্থিক সম্মাননার জন্য প্রয়োজনীয় সব স্বাস্থ্যসনদ ইতোমধ্যে স্বাস্থ্য মন্ত্রণালয়ে জমা দেওয়া হয়েছে, কিন্তু এখনো কেউ অর্থ সহায়তা পাননি। তিনি মাননীয় উপদেষ্টাকে অনুরোধ করেন, যেন এই ১১ জন আহত শিক্ষার্থীকে দ্রুত সম্মাননা প্রদান নিশ্চিত করা হয়। তিনি আরও বলেন, আন্দোলনের সময় যারা বিশ্ববিদ্যালয়ের ভেতর থেকে দমন-পীড়নে সহযোগিতা করেছেন, তাদের চিহ্নিত করতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। সুনির্দিষ্ট তথ্য ও প্রমাণ দিয়ে কমিটিকে সহায়তা করার আহ্বান জানান তিনি।

অনুষ্ঠানের বিশেষ অতিথি মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, "জুলাই আন্দোলন অন্যান্য ছাত্র আন্দোলন থেকে একটু ভিন্ন। এখানে একটা নতুন মাত্রা যোগ হয়েছে, তা হলো বৈষম্যহীনতা ও ন্যায় প্রতিষ্ঠা। এখানে বৈষম্যহীন সমাজ তৈরি সবচেয়ে বেশি গুরুত্ব পেয়েছে। এই আন্দোলনে যে পরিমাণ রাষ্ট্রীয় সন্ত্রাস হয়েছে তা বিশ্বে বিরল। এখন বিচারের নামে মামলা বাণিজ্য শুনতে পাচ্ছি। সেটা হলে আন্দোলনের নামে বিশ্বাসঘাতকতা হবে। তাই এই শক্তির প্রাতিষ্ঠানিক ভিত্তি দরকার। এই আন্দোলনের ফলে যে ঐক্য গড়ে উঠেছিলো তা এখন কিছুটা ফাটল ধরেছে। তাই সার্বিক সংস্কারের জন্য ঐক্যের ভিত্তি ধরে রাখা দরকার।"

অনুষ্ঠানের বিশেষ অতিথি মাননীয় ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ সোলায়মান বলেন, "আমাদের শিক্ষার্থীরা যেসব দাবি উত্থাপন করেছেন সকল দাবির সাথে একমত পোষণ করছি। গত ১৬ বছরের ফ্যাসিজম ব্যবস্থার কারণে আমরা স্বাধীনতা দেখিনি। তাই ছাত্র জনতার গণঅভ্যুত্থানের যে স্বাধীনতা দেখেছি তা উপলব্ধি করে ইনশাআল্লাহ সবাই এক কাতারে কাজ করবো।"

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল হাকিম বলেন, "১১ জুলাই প্রথম কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আহত হয়। এছাড়া জুলাই গণঅভ্যুত্থানে আব্দুল কাইয়ুম শহীদ হন। সেই স্মৃতিকে অল্মান করে রাখতে আমরা জুলাই স্মৃতি স্তম্ভ গড়ে তোলার উদ্যোগ নিয়েছি।"

উল্লেখ্য, অনুষ্ঠান শেষে জুলাই আহত শিক্ষার্থীদের সম্মাননা দেওয়া হয়। কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ থেকে মাননীয় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকেও সম্মাননা দেওয়া হয়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টি ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টি প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টি ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি